

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। বর্তমান খালের চিত্র।
৩। ই-জিপি হতে প্রাপ্ত সর্বশেষ অনুমোদিত দরের কপি।
৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Cleaning of all water hyacinth, Garbage, Trash etc from Konapara Area of DND canal.

১.০। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র” ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র” ওয়াটার পরিবহন, “ট্রিটেড” ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। আলোচ্য কাজটি “র” ওয়াটার পরিবহনের সাথে সম্পর্কিত বিধায় অত্র বিভাগ হতে নথিটি উপস্থাপন করা হয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ডিএনডি খালের কান্ডি সাইডের এলাকাবাসী দেয়ালের উপর দিয়ে ময়লা-আবর্জনা, পচা বর্জ্য, তাদের দৈনন্দিন জীবনের ব্যবহৃত দ্রব্যের অপ্রয়োজনীয় অংশ যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট উন্মুক্ত ডিএনডি খালের ভিতরে ফেলে দেয়। খালের উপর ৫ টি ব্রিজ, ৩ টি কালভার্ট ও এলাকা কেন্দ্রিক বাজার থাকায় এ সব স্থানে লোকজন ময়লা-আবর্জনা, মরা প্রাণী, জবাই করা পশু-পাখির নাড়ি-ভূড়ি, হাড় ইত্যাদি খালে ফেলানোর সুযোগ পায়। তাছাড়া ডিএনডি খালের পাশেই গড়ে উঠা শিল্প-কারখানা, প্লাস্টিক, রাবার, জুতা, পাইপ প্রভৃতি শিল্প বর্জ্য খালে ফেলা হচ্ছে। বর্তমানে ডিএনডি খালের Konapara Area পর্যন্ত প্রাকৃতিকভাবে জন্মানো কচুরীপানা ও কলমিলতা দিয়ে বেশকিছু অংশ পূর্ণ হয়েছে(সংযুক্ত ক্রমিক নং-২ দ্রঃ)। কচুরীপানার নিচের অংশ পচে “র” ওয়াটারের সাথে মিশে পানির গুণগত মান ক্ষতিগ্রস্ত হচ্ছে। এছাড়া ডাম্পিংকৃত ময়লা-আবর্জনা কচুরীপানার উপর ভাসতে থাকে। এতে নদীর পানি ভাল হওয়ার পরও আশানুরূপ ভাল মানের পানি পাওয়া যাচ্ছে না। খালের তীরবর্তী স্থান হতে স্তপাকৃতি ময়লা-আবর্জনা গড়িয়ে পানিতে পড়ে ভাসমান অবস্থায় প্রবাহিত হয়ে মৃধাবাড়ী জীনে আটকে থাকে। এছাড়াও ডিএনডি খালে ভাসমান ময়লা-আবর্জনা যেমন পলিথিন, কাগজ, ডাবের ছোবা, খড়কুটা, পচা কচুরীপানা ইত্যাদি পানিতে মিশে গিয়ে পানি মারাত্মকভাবে দূষিত হচ্ছে। এতে পানির স্বাভাবিক প্রবাহে বাধাগ্রস্ত হচ্ছে তৎসঙ্গে পানির গুণগত মান ভাল অবস্থায় রাখা সম্ভব হচ্ছেনা। ফলে কচুরীপানা ও অন্যান্য ময়লা-আবর্জনার কারণে পানি প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে এবং এরের জেন থেকে পানিতে অক্সিজেনের পরিমাণ কমে যাচ্ছে। কাজেই জরুরী ভিত্তিতে ডিএনডি খালের কোনাপাড়া হতে রাসেল ব্রিজ পর্যন্ত খালের ভিতরে কচুরীপানা এবং অন্যান্য ময়লা-আবর্জনা সম্পূর্ণরূপে পরিষ্কার করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, ডিএনডি খালে পানির স্বাভাবিক প্রবাহ বৃদ্ধি পাবে সে সাথে পানির গুণগত মান ভাল অবস্থায় রাখার জন্য সহায়ক হবে।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪৯,৭২০.০১০ (উনপঞ্চাশ হাজার সাতশত বিশ দশমিক শূন্য এক শূন্য) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement of Works/Goods হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৩৯ এবং প্যাকেজ নং- EU1 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান Barishal Enterprise কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হল।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩ পর্যন্ত বর্ণনালোকে Cleaning of all water hyacinth, Garbage, Trash etc from Konapara Area of DND canal. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে Barishal Enterprise এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৮ ৪৯,৭২০.০১০ (উনপঞ্চাশ হাজার সাতশত বিশ দশমিক শূন্য এক শূন্য) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম), মহোদয়ের আওতাধীন।


০৩.৬.২৬

সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


০৩/৬/২৬

মোঃ মশিউর রহমান জুঙ্গা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


০৩-০৬-২৬

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE(WSTP)/EE/DND
প্রকৌশলী

XED (Maint.)

অনুমোদিত।

০৬/০৬/২০২৬

মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অগ্রদূত)
ঢাকা ওয়াসা।